

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৭৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যেই কারণে কবরের উপর সালাত আদায় করা বৈধ

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا تَجُونُ الصَّلَاةُ على القبر

আরবী

3079 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مُحَمَّدِ الدَّغَوَلِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الذُّهْلِيُّ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ عَنْ شُعْبَةَ عَنْ إِسْمَاعِيلَ عَنِ الشَّعْبِيِّ عَنِ ابْنِ عَبَّاسٍ الذُّهْلِيُّ قَالَ: أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى قَبْرٍ مَنْبُوذٍ فَصَلَّى عَلَيْهِ وَصَلَّيْنَا معه الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3079 ا خلاصة حكم المحدث: صحيح

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: فِي هَذَا الْخَبَرِ بَيَانٌ وَاضِحٌ أَنَّ صَلَاةَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْقَبْرِ إِنَّمَا كَانَتْ عَلَى قَبْرٍ مَنْبُوذٍ وَالْمَنْبُوذُ نَاحِيَةٌ فَدَلَّتْكَ هَذِهِ اللَّفْظَةُ عَلَى الْقَبْرِ جَائِزَةٌ إِذَا كَانَ جَدِيدًا فِي نَاحِيَةٍ لَمْ تُنْبَشْ أَوْ فِي وَسَطِ قُبُورٍ عَلَى أَنَّ الصَّلَاةَ عَلَى الْقَبُورِ جَائِزَةٌ إِذَا كَانَ جَدِيدًا فِي نَاحِيَةٍ لَمْ تُنْبَشْ أَوْ فِي وَسَطِ قُبُورٍ لَمْ تُنْبَشْ فَأَمَّا الْقُبُورُ الَّتِي نُبشت وقُلب تُرَابُهَا صَارَ تُرَابُهَا نَجِسًا لَا تَجُوزُ الصَّلَاةُ عَلَى الْنَجَاسَةِ إِلَّا أَنْ يَقُومَ الْإِنْسَانُ عَلَى شَيْءٍ نَظِيفٍ ثُمَّ يُصِلِّي عَلَى الْقَبْرِ الْمَنْبُوشِ دُونَ الْمَنْبُوشِ دُونَ الْمَنْبُودَ الَّذِي لَمْ يُنبش.

বাংলা

৩০৭৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি পৃথক কবরের কাছে যান অতঃপর তিনি তার উপর জানাযার সালাত আদায় করেন। আমরাও তাঁর সাথে সালাত আদায় করি।"[1]

আবূ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসে স্পষ্ট বর্ণনা রয়েছে যে, যে কবরের উপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানাযার সালাত আদায় করেছেন, সেটা পৃথক, এক পার্শ্বে ছিল। কাজেই এই শব্দ



প্রমাণ করে যে, কবরের উপর জানাযার সালাত আদায় করা বৈধ, যখন কবরটি নতুন এক পাশে হবে, যা খনন করা হয়নি। অথবা কবরসমূহের মাঝে থাকে, যা খনন করা হয়নি। আর যেসব কবর খনন করা হয়েছে এবং তার মাটি ওলট-পালট করা হয়েছে, সেটার মাটি অপবিত্র হয়ে গেছে। আর নাপাক জায়গার উপর সালাত আদায় করা বৈধ নেই। অবশ্য যদি কোন ব্যক্তি পবিত্র কোন কিছুর উপর দাঁড়ায় তারপর খননকৃত কবরের উপর সালাত আদায় করে (তবে সেটার হুকুম আলাদা)। পৃথক কবর, যা খনন করা হয়নি (সেটার হুকুমও আলাদা)।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৯৫৪; সুনান বাইহাকী: 8/৪৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩০৭৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন